গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
ফোন : ০২৩৩৪৪৫৪৮০৪ ই-মেইল : cgwc_edu@yahoo.com
ওয়েব সাইট : cgwc.edu.bd, মোবাইল ঃ ০১৮১৯-৩২৫৭৮২
কলেজ কোড ঃ ৪৩০২, EIIN : ১০৪৭১০

নম্বর : ৯৭৭

তারিখ :১৮/০৮/২০২১ খ্রিঃ

# এইচ.এস.সি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি :

- **চট্টগ্রাম সরকারি মহিলা কলেজে ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী নিম্নে প্রকাশিত হল :**

আগামী ২৬/০৮/২০২১ খ্রিঃ হতে ৩০/০৮/২০২১ খ্রিঃ পর্যন্ত পরীক্ষার্থীরা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি জমাদানের মাধ্যমে পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করবে। কোন পরীক্ষার্থী/অভিভাবক কলেজে আসতে হবে না।

- নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী অর্থাৎ সকল ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ ব্যতীত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।
- পরীক্ষার্থী বা তার অভিভাবক এ বছর সোনালী ব্যাংকের মোবাইল অ্যাপ সোনালী ই-সেবা (Sonali eSheba) এর মাধ্যমে ঘরে বসেই বোর্ড ফি, কেন্দ্র ফি এবং প্রতিষ্ঠানের পাওনা পরিশোধ করবে এবং পরীক্ষার ফি পরিশোধের মাধ্যম হিসেবে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি ব্যবহার করা যাবে। ফি পরিশোধ করার বিস্তারিত বিবরণ ও নির্দেশিকা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে থাকবে। সোনালী ব্যাংক ও সংশ্লিষ্ট মোবাইল ফিনান্সশিয়াল সার্ভিস (MFS) প্রদানকারী প্রতিষ্ঠান যেমন- Nagad, bKash, Rocket, Upay ফি পরিশোধ সংক্রান্ত নিয়মাবলী বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচার করবে।

**পরীক্ষার্থী কর্তৃক পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি :**

- আগামী ২৬/০৮/২০২১ খ্রিঃ এর মধ্যে পরীক্ষার্থীরা নিজ/অভিভাবকের মোবাইল ফোনে শিক্ষাবোর্ড কর্তৃক প্রেরিত SMS পাবে। SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। কোন কারণে SMS পাওয়া না গেলে বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।
- উক্ত তিনটি পদ্ধতিতেই ঘরে বসে সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, DBBL Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।
- এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিনান্সশিয়াল সার্ভিস (MFS) এর সার্ভিস চার্জও (বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্ট/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যালেন্স থাকতে হবে।
- পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইট Student Panel থেকে তথ্য জানতে পারবে।

**অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে এক বা একাধিক পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

- যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচ.এস.সি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক বা দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচ.এস.সি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক বাদুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

- যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের এইচ.এস.সি পরীক্ষায় এক বা দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৮/২০১৯ সালে এইচ.এস.সি পরীক্ষায় ঐ এক বা দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮/২০১৯/২০২০ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালের সকল বিষয় (গ্রুপভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়) এক বা দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে। আবশ্যিক বিষয়ের কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না তবে আবশ্যিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীকেও ফরম পূরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার মূল্যায়ন ব্যবহারিক নোটবুক হতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রদান করা হবে।
- ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পূর্বের কোন পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২৬/০৮/২১

অধ্যক্ষ
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
চট্টগ্রাম।

আহবায়ক ২৬/০৮/২০২১
২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার ফরম পূরণ পরিচালনা কমিটি
চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম।